

২২ Report

পাবলিক বিশ্ববিদ্যালয়

খুলে দেয়ার আহ্বান

ভিসির সভাপতিড্রে চাবি'র জীনস
বিভাগীয় চেয়ারম্যানদের বৈঠক

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সকল পাবলিক বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আহ্বান জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীনস কমিটি, ইলটিউটিউটি পরিচালক ও বিভাগীয় চেয়ারম্যানরা। গতকাল বিকালে নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক বৈঠকে এ আহ্বান জানানো হয়। বৈঠকে সভাপতিত্ব করেন ভিসি এস এম এ হামজা। বৈঠকে বক্তারা দাবী করেন পৃঃঃঃঃঃঃঃঃ

পাবলিক বিশ্ববিদ্যালয় খুলে

প্রথম পৃষ্ঠার পর

অবিলম্বে সকল পাবলিক বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হোক। বিশ্ববিদ্যালয়গুলোতে বর্তমানে শিক্ষার উপযুক্ত পরিবেশ বিরাজ করছে। তাই অবিলম্বে বিশ্ববিদ্যালয়গুলো খুলে দেয়া জরুরী। বৈঠকে আরো দাবী করা হয় যে, বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। বৈঠক সূত্রে জানা যায়, ভিসি তাদের আহ্বান করে বলেন, আর কোন শিক্ষক, ছাত্র, কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রের করা হবে না। তিনি বলেন, তারা নির্বিঘ্নে চলাফেরা করতে পারবেন। বৈঠকে সেশন জট নিয়ে আলোচনা করা হয়। বলা হয় যে, সাম্প্রতিক ঘটনার কারণে বিশ্ববিদ্যালয়ের প্রায় দু'শতাধিক পরীক্ষা স্থগিত রয়েছে। অবিলম্বে এ অবস্থা কাটিয়ে ওঠার জন্য ভিসি সকলের সহযোগিতা চান। বিশ্ববিদ্যালয় হবে খোলা হবে সে বিষয়ে ভিসি বলেন, আর (সোমবার) শিক্ষা উপদেষ্টার সঙ্গে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসিদের বৈঠকে এ বিষয়ে আলোচনা করা হবে। তিনি বলেন, এ বৈঠকে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য সর্বশ্রম কর্তৃপক্ষকে আহ্বান জানানো হবে। বৈঠকে আটক দু'শতাধিক ব্যাপারে আলোচনা হয়। বলা হয়, বিষয়টি আইনী প্রক্রিয়ায় চলে গেছে। সুতরাং তা আইনীভাবে মোকদ্দমা করতে হবে। বৈঠকে ভিসি বলেন, সরকার বিশ্ববিদ্যালয়ের প্রতি সহনশীল।